'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2023

## CC4-BENGALI

## NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার মূল সাহিত্যিক নিদর্শনের নাম লেখো। এই ভাষার সময়সীমা নির্দেশ করে এই ভাষায় ব্যবহৃত স্বরধ্বনিগুলির উল্লেখ করো।

(খ) সাহিত্যিক সংস্কৃত ভাষাকে ব্যাকরণের জালে বন্দী করেন কোন্ কোন্ বৈয়াকরণ ? আর্যভাষার কোন্ স্তরে এই ভাষাটিকে এই রূপ দেওয়া হয় ?

(গ) ধ্বনিলোপ কয় প্রকার ও কী কী ? যে-কোনো একপ্রকার ধ্বনিলোপের সংজ্ঞাসহ উদাহরণ দাও।

(ঘ) মধ্যভারতীয় আর্যভাষার সময়সীমা ও দু'টি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।

(ঙ) জোড়কলম শব্দ কাকে বলে ? উদাহরণসহ ব্যাখ্যা করো।

(চ) তিনটি পর্তুগীজ এবং তিনটি ফার্সি শব্দের নাম লেখো যেগুলি শব্দভাণ্ডারে প্রচলিত।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা উপভাষা ক'টি ? এই উপভাষাগুলির নাম উল্লেখ করে তাদের এলাকা নির্দেশ করো।

(খ) বাংলায় স্বরধ্বনি কয়টি ? এই স্বরধ্বনিগুলির উচ্চারণস্থান অনুযায়ী বর্গীকরণ করো।

(গ) বাংলা শব্দভাণ্ডারে প্রচলিত মৌলিক শব্দের সবিস্তার আলোচনা করো।

(ঘ) বাংলা লিপির উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(ঙ) টীকা লেখোঃ স্বরসঙ্গতি, শ্রুতিধ্বনি।

(চ) IPA শব্দের পুরো অর্থ কী ? IPA ভাষায় কোনো রচনা লিখতে গেলে কী কী নিয়মাবলী মানতে হয় ? নিম্নলিখিত বাংলা রচনাকে IPA-তে রূপান্তরিত করোঃ

'সকল কথার এক অর্থ করলেই শুধু হয়না
মাঝে মাঝে ভিন্ন ভিন্ন অর্থ করলে ভিন্ন ভিন্ন
মতামত লোকসমাজে প্রচলিত হয়।'

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) সংস্কৃত ভাষা বাংলা ভাষার জননী কিনা — এ প্রসঙ্গে তোমার মতামত প্রতিষ্ঠা করো।

(খ) মধ্য বাংলা ভাষার সময়কালের উল্লেখ করে এর শ্রেণিবিভাজন করো এবং যে-কোনো শ্রেণির ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন কারণসমূহ আলোচনা করো।

(ঘ) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিন্যাস করো।

——×——



Maynaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2023

## GE1-P2-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) অর্থালঙ্কার কাকে বলে ? উদাহরণ দাও।

(খ) অক্ষর কাকে বলে ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(গ) লোকসাহিত্য বলতে কী বোঝায় ? ব্যাখ্যা করো।

(ঘ) ঘেঁটু গান কাকে বলে ? উদাহরণ দাও।

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'লোকসাহিত্য' গ্রন্থের অন্তর্গত রচনাগুলির নাম লেখো।

(চ) লোকসাহিত্যের আলোচনা বিষয়ক লেখকের নামসহ তিনটি গ্রন্থের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছন্দ নির্ণয় করোঃ

উঠ, বঙ্গ কবি, মায়ের ভাষায় মুমূর্ষুরে দাও প্রাণ।
জগতের লোকে সুধার আশায় সে ভাষা করিবে পান।

(খ) ছন্দ নির্ণয় করোঃ

সে কি জানে
তিন মাস পেনশন না পাওয়া তার বাবা
গ্রাম ছেড়ে যে রাস্তা চলে গেছে দূরে, সেদিকে তাকিয়ে ভাবে —
কতদূর যেতে পারে রাস্তা, কতদূর ?

(গ) অলংকার নির্ণয় করোঃ

লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।

(ঘ) অলংকার নির্ণয় করোঃ

অর্থ তোমার বুঝে কেবল লোকে,
তোমার অর্থ বুঝবে বলো কবে।

(ঙ) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)

নক্শী, বোলান, ভাদু।

(চ) 'আগডুম বাগডুম ঘোড়াডুম সাজে।' — ছড়াটির পাঠান্তরগুলো নিজের ভাষায় এবং রবীন্দ্রনাথ ঠাকুরের মত অনুযায়ী এরূপ পাঠান্তরের কারণ ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) অমিত্রাক্ষর ছন্দের সংজ্ঞাসহ বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) শ্লেষ অলংকার বিষয়টি ব্যাখ্যা করো। উদাহরণ আবশ্যিক।

(গ) ছড়ায় শিশু মনস্তত্ত্ব কীভাবে প্রকাশিত হয় তা উদাহরণসহ লেখো।

(ঘ) 'এইরূপ নিম্নসাহিত্য এবং উচ্চসাহিত্যের মধ্যে বরাবর ভিতরকার একটি যোগ আছে।' — রবীন্দ্রনাথের 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো।

——×——



Mainaguri College Library

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2023

## CC3-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৩×৪ = ১২

(ক) 'হুতোম প্যাঁচা'র প্রকৃত নাম কী ? প্রকাশকালসহ তাঁর দু'টি গদ্যগ্রন্থের নাম লেখো।

(খ) কাদের প্রচেষ্টায়, কত সালে কলকাতায় মুদ্রণযন্ত্র প্রতিষ্ঠিত হয় ? এখান থেকে মুদ্রিত প্রথম বাংলা গ্রন্থের নাম লেখো।

(গ) বাংলা সাহিত্যে 'দেহবাদী' এবং 'বিদ্রোহী' কবি হিসেবে পরিচিত কবিদ্বয়ের নাম উল্লেখ করে তাঁদের দু'টি করে কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঘ) নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম উল্লেখ করো —

শর্মিষ্ঠা, জমিদার দর্পণ, কালিন্দী, গোরা, জনা।

(ঙ) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সাময়িক পত্রটির নাম, সম্পাদক ও প্রকাশকাল লেখো।

(চ) প্রকাশকালসহ নবীনচন্দ্র সেনের 'ত্রয়ী' মহাকাব্যের নাম লেখো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৬×৪ = ২৪

(ক) বাংলা গদ্যচর্চার ইতিহাসে শ্রীরামপুর মিশনের অবদান আলোচনা করো।

(খ) বাংলা কাব্য কবিতার ইতিহাসে নজরুল ইসলাম কী নতুন সুর এনেছিলেন ? তা তাঁর কবিতা অবলম্বনে সংক্ষিপ্ত আলোচনা করো।

(গ) বাংলা পৌরাণিক নাট্যধারায় গিরীশচন্দ্র ঘোষের অবদান সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা করো।

(ঘ) যে-কোনো ***দুটি*** টীকা লেখোঃ

সংবাদ প্রভাকর, ভারতী, শনিবারের চিঠি।

(ঙ) বাংলা উপন্যাসে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদান সংক্ষেপে লেখো।

(চ) বাংলা ছোটোগল্পের ধারায় রবীন্দ্রনাথের 'হিতবাদী' পর্বের ছোটোগল্পগুলির পরিচয় দাও।

Maynaguri College Library

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে রামমোহন রায়ের অবদান লেখো।

(খ) কে, কাকে 'ভোরের পাখি' অভিধায় ভূষিত করেন ? বাংলা কাব্য-কবিতার ইতিহাসে এই 'ভোরের পাখি'র অবদান লিপিবদ্ধ করো।

(গ) বাংলা নাটকে মধুসূদন দত্তের অবদান পর্যালোচনা করো।

(ঘ) বাংলা উপন্যাসের ক্ষেত্রে উনিশ শতককে কেন 'বঙ্কিমের যুগ' বলা হয় ? তাঁর উপন্যাসগুলির বিষয় বৈচিত্র্য আলোচনা করে তাঁকে এই প্রশংসার শিরোপা দেওয়া যায় কিনা আলোচনা করো।

——×——

Maynaguri College Library